# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮০২

২৭/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৫৫. প্রশংসাকারীদের ফযীলাত

بَاب فَضْلِ الْحَامِدِينَ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ آدَمَ، حَدَّثَنَا إِسْرَائِيلُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ عَبْدِ الْجَبَّارِ بْنِ وَائِلٍ، عَنْ أَبِيهِ، قَالَ صَلَّيْتُ مَعَ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ فَقَالَ رَجُلٌ الْحَمْدُ لِلَّهِ حَمْدًا كَثِيرًا طَيِّبًا مُبَارَكًا فِيهِ . فَلَمَّا صَلَّى النَّبِيُّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " مَنْ ذَا الَّذِي قَالَ هَذَا " . قَالَ الرَّجُلُ أَنَا وَمَا أَرَدْتُ إِلاَّ الْخَيْرَ . فَقَالَ " لَقَدْ فُتِحَتْ لَهَا أَبْوَابُ السَّمَاءِ فَمَا نَهْنَهَهَا شَىْءٌ دُونَ الْعَرْشِ " .

বাংলা

৩/৩৮০২। আবদুল জাববার ইবনে ওয়াইল (রাঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে নামায পড়লাম। এক ব্যক্তি বললো, ’’আলহামদু লিল্লাহি হামদান কাসীরান তায়্যিবান মুবারাকান ফীহি’’ (সমস্ত প্রশংসা আল্লাহর, পর্যাপ্ত, পবিত্র ও বরকতপূর্ণ প্রশংসা)। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ একথা যে বলেছে, সে কে? লোকটি বললো, আমি, তবে ভালো ছাড়া অন্য কিছু আমার উদ্দেশ্য নয়। তিনি বলেনঃ এই কথাগুলোর জন্য আসমানের দরজাসমূহ খুলে দেয়া হয়েছে এবং আরশে উপনীত হওয়ার পথে কোন কিছুই তার প্রতিবন্ধক হয়নি।

## English

It was narrated from 'Abdul-Jabbar bin Wa'il that :
his father said: "I prayed with the Prophet (ﷺ) and a man said: 'Alhamdu lillahi hamdan kathiran tayyiban mubarakan fihi (Praise is to Allah, much, good and blessed praise).' When the Prophet (ﷺ) finished praying, he said: 'Who said that?' The man said: 'It was me, but I did not mean anything but good.' He said: 'The gates of heaven were opened because of it and nothing prevented it from reaching the Throne.'"

## ফুটনোট

আহমাদ ১৮৩৮১, যইফ আবু দাউদ ১৩৩। তাহকীক আলবানীঃ যইফ। সানাদের সকল রাবী সিকাহ। তবে সানাদে ইনকিতা রয়েছে অর্থাৎ আবদুল জাব্বার বিন ওয়াইল তার পিতা ওয়াইল বিন হুজর থেকে হাদিসটি শ্রবন করেননি। (আশ শাশী ২/৯৩২-৯৩৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44767

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন